# ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়
সংস্থাপন শাখা
১, কাওরান বাজার, ঢাকা।
www.tcb.gov.bd

নং-২৬.০৫.০০০০.০০৫.১১.১১৫.২৫- ১৫৭৬

তারিখঃ ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৬ খ্রি.

## নিয়োগপত্র

ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি) এর নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের জন্য গৃহীত নিয়োগ পরীক্ষার ভিত্তিতে বিদ্যমান বিধি-বিধান অনুসরণ করে অপেক্ষমান তালিকা (১ম পর্যায়) হতে নিম্নবর্ণিত রোল নম্বরধারী প্রার্থীদের সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

**পদের নামঃ 'অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক'**
বেতন স্কেলঃ ৯,৩০০-২২,৪৯০/- (জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর গ্রেড-১৬)।

| অপেক্ষমান তালিকায় মেধাক্রম | রোল নম্বর | প্রার্থী, পিতা, মাতার নাম ও জন্ম তারিখ | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | ১৫০০০৮৯৭ | নাম: শ্রীমান চন্দ্র দাস<br>পিতা: তপন চন্দ্র দাস<br>মাতা: উজ্জলী রানী দাস<br>জন্ম তারিখ: ২৭-০৭-১৯৯৬ খ্রি. | গ্রাম: চর কিং, দাসপাড়া<br>ডাকঘর: দাসের হাট<br>উপজেলা: হাতিয়া<br>জেলা: নোয়াখালী। | গ্রাম: চর কিং, দাসপাড়া<br>ডাকঘর: দাসের হাট<br>উপজেলা: হাতিয়া<br>জেলা: নোয়াখালী। |
| ২ | ১৫০০১০৩৮ | নাম: মোছাঃ শান্তা বেগম<br>পিতা: আবুল কাশেম মন্ডল<br>মাতা: মিনারা খাতুন<br>জন্ম তারিখ: ২০-১১-২০০১ খ্রি. | গ্রাম: কাঁঠালী<br>ডাকঘর: কাঁঠালী<br>উপজেলা: ভালুকা<br>জেলা: ময়মনসিংহ। | গ্রাম: কাঁঠালী<br>ডাকঘর: কাঁঠালী<br>উপজেলা: ভালুকা<br>জেলা: ময়মনসিংহ। |

**শর্তাবলি:**

(ক) চাকরিতে যোগদানের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, চাকরির আবেদনে উল্লিখিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, লিখিত পরীক্ষার প্রবেশপত্র এবং আবেদনপত্রের (Applicant`s Copy) সত্যায়িত ০১ (এক) কপি জমা প্রদান করতে হবে।

(খ) টিসিবি কর্তৃক অস্থায়ীভাবে নিয়োগের সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে কোনো সময়ে কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা কোনো উল্লেখযোগ্য ভুলত্রুটি পরিলক্ষিত হলে উক্ত অস্থায়ীভাবে নিয়োগের সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষ প্রার্থীকে ফৌজদারী আইনের অধীনে সোপর্দ করা যাবে। চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ পেলে বা প্রমাণিত হলে তাকে চাকুরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ প্রতিবেদন সংগ্রহ করা হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(ঘ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০৬ (ছয়) মাসের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। কর্তৃপক্ষ প্রয়োজনে উক্ত শিক্ষানবিশকাল আরো ০৬ (ছয়) মাস পর্যন্ত বর্ধিত করতে পারবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ কোনো রকম কারণ দর্শানো ছাড়াই চাকরির অবসান ঘটাতে পারবেন;

(ঙ) শিক্ষানবিশকালে চাকুরি হতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে ০১ (এক) মাস পূর্বে লিখিত নোটিশ অথবা ০১ (এক) মাসের সমপরিমাণ বেতন এবং নিয়মিতকরণের পর চাকুরি হতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে ০৩ (তিন) মাস পূর্বে লিখিত নোটিশ অথবা ০৩ (তিন) মাসের সমপরিমাণ বেতন টিসিবি'র অনুকূলে জমা দিতে হবে;

(চ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে সরকার/সংস্থা কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পাদন করতে হবে;

(ছ) কোন সরকারি বা বেসরকারি দপ্তরে কর্মরত থাকলে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অব্যাহতি (Release) পত্র গ্রহণপূর্বক জমা দিতে হবে;

(জ) সরকারি বিধি-বিধান অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে নিয়োগ প্রার্থীকে যোগদান পত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, "তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং কোনো যৌতুক দিবেন না";

(ঞ) The Government Servants (Conduct) Rules, ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকুরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(ট) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণের চাকুরি টিসিবি'র নিয়োগ বিধি দ্বারা পরিচালিত হবে এবং তারা টিসিবি'র নিয়োগ বিধি মোতাবেক বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

(ঠ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে স্বাস্থ্য পরীক্ষার সনদ এবং ডোপ টেস্টের রিপোর্ট যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে ও ডোপ টেস্টে কোনো বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;

(ড) এ অফিস আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এমন ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত বিষয়ে সংস্থা/সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ঢ) প্রকাশিত ফলাফলে কোন উল্লেখযোগ্য ভুলত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা টিসিবি কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

(ণ) উল্লিখিত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে **আগামী ০১ এপ্রিল ২০২৬ খ্রি. তারিখ** পরিচালক (প্রশাসন ও অর্থ), টিসিবি, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেওয়া হবে এবং তার নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(ত) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার দৈনিক ভাতা/যাতায়াত ভাতা প্রদান করা হবে না।

২। এ নিয়োগ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং তা যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

০৪-০৩-২০২৬

(মোঃ রবিউল মোর্শেদ)
অতিরিক্ত পরিচালক (প্রশাসন) (প্রতিকল্প)
ফোনঃ ০২-৫৫০১৩৯২৫
ই-মেইলঃ tcbsecretary@tcb.gov.bd

নং-২৬.০৫.০০০০.০০৫.১১.১১৫.২৫- ১৫২৬

তারিখঃ ১৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মার্চ ২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ), টিসিবি, ঢাকা।
৩. অতিরিক্ত পরিচালক (অর্থ ও হিসাব), টিসিবি, ঢাকা।
৪. যুগ্ম পরিচালক (সংস্থাপন), টিসিবি প্রধান কার্যালয়, ঢাকা।
৫. কম্পিউটার প্রোগ্রামার, টিসিবি, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৬. সহকারী পরিচালক (বেতন), টিসিবি প্রধান কার্যালয়, ঢাকা।
৭. জনাব ..........................................................................।
৮. অফিস কপি/ মাস্টার ফাইল।

০৪-০৩-২০২৬

(মোঃ রবিউল মোর্শেদ)
অতিরিক্ত পরিচালক (প্রশাসন) (প্রতিকল্প)